গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরল, দিনাজপুর।
www.birol.dinajpur.gov.bd

স্মারক নম্বর- ০৫.৫৫.২৭১৭.০০০.২০.০৩৮.২৫-১৭ তারিখ:০৫/০১/২০২৫ খ্রিস্টাব্দ

## ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দের "২০ (একর) পর্যন্ত বদ্ধ জলমহালের ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিরল উপজেলাধীন বদ্ধ জলাশয়/জলমহাল/সরকারি পুকুর (২০ একর পর্যন্ত) ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের জন্য নির্ধারিত শর্ত সাপেক্ষে ১৭ ডিসেম্বর, ২০২৪ খ্রি: )০২পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ) তারিখের ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখা ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ)-২)-৬৯৪ নং স্মারকে প্রকাশিত প্রজ্ঞাপন অনুযায়ী আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমিতির নিকট হতে www.land.gov.bd অথবা jm.lams.gov.bd/ উপজেলা ভূমি অফিস, বিরল, দিনাজপুর/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েবসাইটে (Website) প্রবেশ করে অনলাইন (Online) আবেদন ফরম পূরনপূর্বক আবেদনের মুল কপিসহ সীলমোহরকৃত খামে ইজারা আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইনে (Online) আবেদন দাখিল ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না। উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরত যোগ্য) জমা প্রদানপূর্বক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় বিরল, দিনাজপুরে অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে নিম্নলিখিত নির্ধারিত সময়সূচি মোতাবেক আবেদন দাখিল করা যাবে। ইজারাযোগ্য পুকুরের তালিকা, বিস্তারিত তথ্য ও শর্তাবলী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিরল, দিনাজপুর ও উপজেলা ভূমি অফিস, বিরল, দিনাজপুর এর নোটিশ বোর্ড এবং www.birol.dinajpur.gov.bd ও www.acl.birol.dinajpur.gov.bd ও য়েবসাইটে পাওয়া যাবে। যেকোন আবেদন গ্রহণ ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

ক্যালেন্ডার/সময়সূচি

| অনলাইনে (Online) দরপত্র আবেদনের তারিখ ও সময় | অনলাইনে দাখিলকৃত (Online) আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে দাখিলের স্থান, তারিখ ও সময় | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই বাচায়ের তারিখ ও সময় | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপনের তারিখ |
|---|---|---|---|
| ১৫/০১/২০২৫ (০১ মাঘ ১৪৩১) হতে ২৮/০১/২০২৫ খ্রিঃ (১৪ মাঘ ১৪৩১) সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত। | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিরল, দিনাজপুর ২৯/০১/২০২৫ খ্রি: (১৫ মাঘ ১৪৩১) হতে ০২/০২/২০২৫ ইং (১৯ মাঘ) ০৩ কার্যদিবসের মধ্যে সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত | ০৩/০২/২০২৫ খ্রি:( ২০ মাঘ ১৪৩১) (সোমবার) সময়: বিকাল-৩:০০ ঘটিকায় | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিরল, দিনাজপুর ১০/০২/২০২৫ (সোমবার) ২৭ মাঘ ১৪৩১ |

ইজারাযোগ্য সরকারি বদ্ধ জলাশয়/জলমহাল/পুকুরসমূহ

| ক্রমিক নং | জলমহালের নাম | মৌজা | দাগ | আয়তন(একর) | ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দে ৫% বৃদ্ধিতে জলমহালের ইজারামূল্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| ১ | সাধুয়া | উত্তর শ্যামপুর | ২৮৫ | ০.৬৫ | ৩৮৭২ |
| ২ | কমলকুড়ি | সিঙ্গুল | ১৫৭৩ | ০.১১ | ২০৭৯ |
| ৩ | গুয়াপুকুর | উ: গোবিন্দপুর | ৪৯০ | ০.৫৫ | ৩৫৯৫ |
| ৪ | বলেয়া | উ: গোবিন্দপুর | ৭৩৬ | ০.৪৪ | ৪১৩৬ |
| ৫ | শোলমুড়ি | উ: গোবিন্দপুর | ৭২৬/৮২৯ | ০.৩৪ | ৪৯৪০ |
| ৬ | তালিহারী | রাজুরিয়া | ৫০২ | ০.৫২ | ২৪৩১৮ |
| ৭ | তালপুকুর | রাজুরিয়া | ২২১৬/২৬০৮ | ০.২৯ | ১৪৭২০ |
| ৮ | বোয়াইমারী | রাজুরিয়া | ২২২৫ | ০.২৬ | ৭৯৯৫ |
| ৯ | ভোবাপুকুর | রাজুরিয়া | ৭৫ | ০.২৪ | ২২৫৯ |
| ১০ | আড়িমুড়ি | ঝিনাইকুড়ি | ৫১ | ০.৩৩ | ৬৮২৩ |
| ১১ | লালদিঘী | গড়বাড়ি | ৫৬ | ০.৪১ | ৬৯৪০ |
| ১২ | রানীপুকুর | গড়বাড়ি | ৪৫২ | ০.৩২ | ১৩৯৩৩ |
| ১৩ | কুকুরফেলা | বুনিয়া | ৬০৩ | ০.৫৬ | ৪৬৬৫ |
| ১৪ | হাড়িপুকুর | মধুপুর | ২০৩ | ০.৭৬ | ১৩৬২১ |
| ১৫ | বদরঘাট | মধুপুর | ১৫৮ | ০.৬৫ | ১২১৬৩ |
| ১৬ | ভোবাপুকুর | সিঙ্গুল | ২৩৬ | ০.৩২ | ৬৩৭৩ |
| ১৭ | ভোবাপুকুর | সিঙ্গুল | ২৮৫ | ০.২ | ১১৮০৪ |
| ১৮ | শুকানপুকুর | মেধাকান্দর | ৩৩ | ১.২৬ | ৫৫১২৯ |
| ১৯ | রেজাইকুড়া | রেজাইকুড়া | ৪৭৪ | ০.৬১ | ৬১৪৬ |
| ২০ | ভেজাপুকুর | মেধাকান্দর | ৩০০ | ০.৩৭ | ৭৭২১ |
| ২১ | হাড়িপুকুর | বাজনাহার | ৪৫১ | ০.৬৫ | ৬৫৬৮ |
| ২২ | ভোমাকুড়া | প: শুকদেবপুর | ৫৫০ | ০.০৭ | ১২২৩ |
| ২৩ | বেন্দাহাইড় | নিজামপুর | ২১৫ | ০.১৩ | ১৬১৬ |
| ২৪ | ধামুয়া | খৈলতৈড় | ৭০৫ | ০.৮৯ | ৭৩৪০২ |

Scanned with CamScanner

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২৫ | | নেহালগ্রাম | ৫৫৯ | ০.০৯ | ৪০৫২ |
| ২৬ | ভুলিয়া | নেহালগ্রাম | ১৯০ | ০.৩ | ৮৯২৮ |
| ২৭ | সুরিপুকুর | নেহালগ্রাম | ৪৬৬ | ০.৩৮ | ৩৭৫২ |
| ২৮ | সুন্দরপুকুর | কাশিডাঙ্গা | ৪৩৭১ | ০.১২ | ১৮৮৭ |
| ২৯ | হাতিডুবা | কাশিডাঙ্গা | ৪১০৯ | ০.১৬ | ১৪৬২ |
| ৩০ | টপলাকুড়া | কাশিডাঙ্গা | ৪৩৬৫ | ০.১১ | ২০১৬ |
| ৩১ | কবরগাড়ি | কাশিডাঙ্গা | ১৫৩০ | ০.১৫ | ১৪৮৭ |
| ৩২ | বলদিয়া | দারইল | ৩১৮ | ০.১৩ | ২৭৫৭ |
| ৩৩ | হাড়িপুকুর | দারইল | ৫৬৯ | ০.৪২ | ১৪৬৯৫ |
| ৩৪ | গরামকুড়া | দারইল | ৬৫৮ | ০.২৪ | ৯৫৩৯ |
| ৩৫ | কাচপুকুর | দারইল | ৫৮৩ | ০.১৮ | ১৮৩৪ |
| ৩৬ | মলানী | দারইল | ৬০৭ | ০.৩৮ | ২৫৫৫ |
| ৩৭ | চেপটি | ধামইর | ১৫২ | ০.৩৬ | ৭৯১৬ |
| ৩৮ | নারায়ণকুড়া | ধামইর | ৩৬২ | ০.৩৬ | ১৪৮৮৪ |
| ৩৯ | মালিপুকুর | ধামইর | ১১৩ | ০.৭৪ | ২৩৬৬৩ |
| ৪০ | সুখানপুকুর | ধামইর | ৪১০ | ০.৭৬ | ৪৮০৭ |
| ৪১ | পাড়াহার | ধামইর | ৪১২ | ০.৫৮ | ৫১১০ |
| ৪২ | নারায়ণকুড়া | ধামইর | ২৬৫ | ০.২৩ | ৪৬৬৯ |
| ৪৩ | সনাইপুকুর | সেনগ্রাম | ৬১৪ | ০.১৮ | ৩৪১৫ |
| ৪৪ | বাশতলা | সেনগ্রাম | ৬৫৬ | ০.২৭ | ৫২৩৬ |
| ৪৫ | বুড়িতলা | সেনগ্রাম | ৭৪৩ | ০.২২ | ৪৯৩০ |
| ৪৬ | পীচশালা | সেনগ্রাম | ৬৪ | ০.৪৫ | ১০০৯৬ |
| ৪৭ | | রতনৌর | ২২২ | ০.৫৬ | ৪৯৬২ |
| ৪৮ | | পীচশালা | ৪৩৩/৫৫২ | ০.৫৪ | ১১৪৩২ |
| ৪৯ | | আকরগ্রাম | ১৪৭৩ | ০.২৮ | ৪৯৮৪ |
| ৫০ | সিংড়াপুকুর | বু: বাসুদেবপুর | ১২১ | ০.২৩ | ৩৮৬৬ |
| ৫১ | সাড়াপুকুর | নরোত্তমপুর | ২২ | ০.৪৫ | ৯৭৩৪ |
| ৫২ | আখিরাপাড়া | নরোত্তমপুর | ১৬২ | ০.৪৮ | ১১৪৯২ |
| ৫৩ | হাড়িপুকুর | বু: বাসুদেবপুর | ৭২ | ০.৫৩ | ১৩৫৪০ |
| ৫৪ | দামুয়া | বিরল | ২৫৩৭ | ০.৪৯ | ১৫৯৬২ |
| ৫৫ | পাতারিয়া | মুকলিশপুর | ৪২৪ | ০.১৯ | ৩১২৮ |
| ৫৬ | নিজিনকুড়ি | নাগরবাড়ী | ২৯৪ | ০.১৫ | ৩৮৯৭ |
| ৫৭ | সিঙ্গারা | ভান্ডারা | ৪৪৯ | ০.০৬ | ৪৮৯ |
| ৫৮ | হাজরা | ভান্ডারা | ৫৬৫ | ০.৩৯ | ৩৪৯৪ |
| ৫৯ | নিশনডাঙ্গা | ভান্ডারা | ৫০১ | ০.২ | ৩৮৯৭ |
| ৬০ | সিঙ্গারা | ভান্ডারা | ৪৪০ | ০.১৪ | ১৩৫২ |
| ৬১ | হাড়িপুকুর | মানিকপাড়া | ৬১৩ | ০.৬ | ৩৮৬২ |
| ৬২ | সিপারপুকুর | সুইহারা | ৭৯ | ০.২৯ | ৪৪৭৭ |
| ৬৩ | ঝিগিরা | পাকুড়া | ৭০১ | ০.৬ | ৭৯৩৮ |
| ৬৪ | কামারকুড়া | মানিকপাড়া | ৭৫ | ০.৩২ | ১৪৯৯৮ |
| ৬৫ | নইচড়া | ধামাহার | ১০৮ | ০.৭৯ | ৬৩৮৯ |
| ৬৬ | ঝিনাইকুড়ি | আমুলিয়া | ১৪২/৩৩৭ | ০.৩৮ | ৭৭২১ |
| ৬৭ | বাউয়াপুকুর | হরিপুর | ১৯৬ | ০.৬১ | ১৯৫৭৮ |
| ৬৮ | চান্দাকুড়া | পলাশবাড়ী | ৪৫৪ | ০.২১ | ৩৪২১ |
| ৬৯ | জলকই | পলাশবাড়ী | ২০৪৩ | ০.৮৬ | ১৩৯৮৬ |
| ৭০ | হাড়িপুকুর | ধুলাতৈড় | ২২৫ | ০.৬৯ | ১৫০৮০ |
| ৭১ | হাজরা | দোগাছি | ৭৭৮ | ০.১৫ | ২৬৮৪ |
| ৭২ | পুরাহার | ভবানীপুর | ৭৮১ | ০.২৩ | ২১৩৬ |
| ৭৩ | | দক্ষিণবাড়ী | ৬৬ | ০.৩৪ | ৫৫৫৭ |
| ৭৪ | | দক্ষিণবাড়ী | ৪৩০ | ০.১১ | ২৩১৯ |
| ৭৫ | বটতলী | ভগবতীপুর | ২৮৩ | ০.৫৩ | ১০০৫৫ |
| ৭৬ | মোল্লাপুকুর | বল্লভপুর | ২০২ | ০.৩৪ | ৩৯৬৯০ |
| ৭৭ | | বল্লভপুর | ১১৬ | ০.১৩ | ১৬৫৩৮ |
| ৭৮ | ধলাহারী | বনগাঁও | ২৪৭২ | ০.৫ | ৫৭৯৩ |
| ৭৯ | | বনগাঁও | ২৫৪২ | ০.৯ | ৮৫১৫ |
| ৮০ | ঝাড়ুয়া | কমলপুর | ৬১১ | ০.৪২ | ৪০৫৮ |
| ৮১ | কপিচিপি | বিল্ল্যা | ৭৩ | ০.১৩ | ১১১২ |
| ৮২ | | বিশ্বনাথপুর | ৭৮৪ | ০.৮১ | ৯১৫৪ |
| ৮৩ | বাজনকুড়া | নছুগ্রাম | ২৬৮ | ০.৪৫ | ৩৬৪৫ |
| ৮৪ | 'ছিমাকুড়া | নছুগ্রাম | ১৬৪ | ০.১৩ | ১৫৯১ |
| ৮৫ | চাপরিয়াকুড়া | নছুগ্রাম | ১৮২ | ০.২২ | ১৫৮৮ |
| ৮৬ | পাতাহার | নছুগ্রাম | ৮৬ | ০.৩৬ | ২২০৯ |
| ৮৭ | চেকেড়াকুড়া | গড়ুরগ্রাম | ২৭৫ | ০.২১ | ১৫০৯ |
| ৮৮ | করপুকুর | গড়ুরগ্রাম | ৫৮৯ | ০.২ | ১৫৩১ |
| ৮৯ | হাকতিয়া | গড়ুরগ্রাম | ৬৩৩ | ০.১৩ | ৯৬১ |
| ৯০ | কাঠালতলা | হরিশচন্দ্রপুর | ২৩ | ০.৫১ | ৭২৯৬ |
| ৯১ | | হরিশচন্দ্রপুর | ৮৯ | ০.৩৩ | ৬৬৯৪ |
| ৯২ | মাগুরাবান | উ: বিষ্ণুপুর | ১৬৩ | ০.২৭ | ২৩৩৮ |
| ৯৩ | কামারকুড়া | উ: বিষ্ণুপুর | ২৬৭ | ০.১২ | ১৬১৬ |
| ৯৪ | পুরিয়া | মোহনপুর | ৪০১ | ০.০৪ | ৮১৩ |
| ৯৫ | টারমেরা | চাপইড় | ২৪১/৭৭৭ | ০.০৫ | ১০১৫ |
| ৯৬ | বেলমুড়িয়া | রঘুনাথপুর | ৫৪২ | ০.২ | ২০৬৭ |
| ৯৭ | ভাতজিকুড়া | সিজগ্রাম | ২০৮ | ০.২৩ | ৫৯২২ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৯৮ | কালিপুকুর | সিজগ্রাম | ২৯৪ | ০.৩৯ | ১১০৫৭ |
| ৯৯ | খেপদিঘী | সিজগ্রাম | ৩০৬ | ০.১৭ | ৪৪২৬ |
| ১০০ | ধামাহার | সিজগ্রাম | ৩১৮ | ০.২৬ | ১১১৩৯ |
| ১০১ | বামনপুকুর | সিজগ্রাম | ৪৯২ | ০.২৪ | ১০৬০৭ |
| ১০২ | পাওধোয়া | মাহাতাবপুর | ৫৬ | ০.২২ | ১৪৮১ |
| ১০৩ | শ্যামকুড়া | মাহাতাবপুর | ৮৪ | ০.০৯ | ২৪৭০ |
| ১০৪ | নিকোডুবি | গৌরিপুর | ৭১৮ | ০.২২ | ২৪২৯ |
| ১০৫ | কামারকুড়া | গৌরিপুর | ৯৯৪ | ০.১১ | ১৬১৬ |
| ১০৬ | ধোয়াপুকুর | রঘুনাথপুর | ২০২ | ০.৩৭ | ৫৪৭২ |
| ১০৭ | | রঘুনাথপুর | ২১২ | ০.১৯ | ৫৬৩০ |
| ১০৮ | হাটপুকুর | রঘুনাথপুর | ২৬১ | ০.১৫ | ২২০২ |
| ১০৯ | মোল্লাপুকুর | রঘুনাথপুর | ২৮২ | ০.২ | ৪৭৯২ |
| ১১০ | | রঘুনাথপুর | ৩০৯ | ০.০৬ | ১০৯৪ |
| ১১১ | কবিরাইল | রঘুনাথপুর | ৩৫৬ | ০.২৫ | ৪৬৯৭ |
| ১১২ | | রঘুনাথপুর | ৮১ | ০.০৬ | ১১৭৫ |
| ১১৩ | কামারকুড়া | রঘুনাথপুর | ১০৪ | ০.০৪ | ১২৪২ |
| ১১৪ | পেপাদিঘী | রঘুনাথপুর | ১৩৪ | ০.০২ | ৩১৬০ |
| ১১৫ | ধামাহার | রঘুনাথপুর | ১৬০ | ০.৩১ | ৩৬৫১ |
| ১১৬ | | রঘুনাথপুর | ৩৯ | ০.১৬ | ২২৮৪ |
| ১১৭ | বেলপুকুর | বাজারী | ৪৫১ | ০.২৭ | ২৮৬৭ |
| ১১৮ | টংটংরিয়া | গৌরিপুর | ৯৩৩/১২৫২ | ০.১৫ | ২৫৩৯ |
| ১১৯ | বুড়াকুড়া | গড়ুরগ্রাম | ৩৮৯/৭৮৮ | ০.০৩ | ৬১২ |
| ১২০ | দলুয়াপুকুর | ছোট চৌপুকুরিয়া | ৮৬ | ০.৪৯ | ৮৬৮৫ |
| ১২১ | খুপনিহার | রাজুরিয়া | ২৫৩২. | ৩.০২ | ৭১৪০১ |
| ১২২ | নাথদহ | রাজুরিয়া | ৩৯০ | ১.৭৭ | ১০২০০ |
| ১২৩ | মিঠাপুকুর | রাজুরিয়া | ২১৯৫ | ১.২৮ | ৪৩০৫১ |
| ১২৪ | চন্দনপুকুর | মধুপুর | ৮১ | ৫.২৩ | ১৪২৮০২ |
| ১২৫ | নলদিঘী | নলদিঘী | ৪৬০ | ৬.৭ | ৫২৫০০০ |
| ১২৬ | মালিহাড়ী | নেহালগ্রাম | ১৫৪ | ০.৯২ | ২২০৫০ |
| ১২৭ | হাড়িপুকুর | রতনৌর | ১৬৪ | ১.১৪ | ২৬৭৭৫ |
| ১২৮ | হসনাহার | রতনৌর | ৯০৮ | ০.৮৫ | ২১৬১৬ |
| ১২৯ | শালনপুকুর | নাগরবাড়ী | ২৮৯ | ১.৬৬ | ৩৩৬০১ |
| ১৩০ | সিজানকুড়ি | নাগরবাড়ী | ২৬২ | ১.৩২ | ২৮৪৫৭ |
| ১৩১ | মাঠপুকুর | ভান্ডারা | ৮৭৫ | ১.২৪ | ১৫৫৪২ |
| ১৩২ | নুলিহের পুকুর | ভগবতীপুর | ৫৪৫ | ০.৬৭ | ৫৮৮১ |
| ১৩৩ | কামারকুড়ি | বাজারী | ৭৬ | ০.৪৫ | ৪৪২১ |
| ১৩৪ | মলানীপুকুর | হরিশচন্দ্রপুর | ৩৭৮ | ১.৪৯ | ৪৬৭২৫ |
| ১৩৫ | সীতাহার | বাজারী | ২৬৬ | ২.৩৯ | ৩৪৬৫০ |
| ১৩৬ | ঘোড়াদিঘী | গৌরিপুর | ১১৬৫ | ৪.০১ | ৮৪১০৫ |
| ১৩৭ | বালাপুকুর | চক বিষ্ণুপুর | ১৪২ | ১.৬৮ | ৪৩০৫১ |

**ইজারার শর্তাবলি:**

১। অনলাইনে পূরণকৃত আবেদন ফরমসহ প্রয়োজনীয় কাগজপত্র উল্লিখিত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর এর কার্যালয়ে রক্ষিত নির্ধারিত বাক্সে জমা প্রদান করতে হবে।

২। জলমহালসমূহের ইজারা নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/ সমবায় সমিতি/সমিতির মধ্যে সীমাবদ্ধ থাকবে। তবে কোন মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতি এর নিকট হতে কোন পুকুর/জলমহালের ইজারা/বন্দোবস্তের আবেদন পাওয়া না গেলে সংশ্লিষ্ট পুকুর/জলমহালের চারপাশের নিকটবর্তী অবস্থানে বসবাসরত ক) বেকার যুবক; খ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান; গ) যুব মহিলা; ঘ) বিধবা ও স্বামী পরিত্যাক্তা; ঙ) আনসার, ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য; চ) দরিদ্র ও অস্বচ্ছল ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত এবং সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতিকে সংশ্লিষ্ট জলমহাল/পুকুর ৩ (তিন) বছর মেয়াদে ইজারা দেয়া হবে।

৩। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী সংশ্লিষ্ট জলমহালের তীরবর্তী/নিকটবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

৪। খামের উপরে আবেদনকারী সংগঠন/ সমিতির নাম ও আবেদনকৃত জলাশয়ের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৫। আবেদনকারী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/ সমিতিকে অবশ্যই সমবায় অধিদপ্তর হতে নিবন্ধন প্রাপ্ত হতে হবে।

৬। আবেদনকারী সমিতিকে অবশ্যই আবেদনের সহিত বিগত ২ (দুই) বৎসরের বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন সংযুক্ত করতে হবে। তবে নতুন নিবন্ধিত সমিতির ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না।

৭। আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি, বর্তমানে কার্যকর আছে তার প্রমানস্বরূপ উপজেলা সমবায় কর্মকর্তা/ সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

৮। নির্দিষ্ট ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/ সমিতি তাদের সদস্যদের ঠিকানাসহ নামের তালিকা এবং নির্বাহী সদস্যদের ঠিকানাসহ নামের তালিকা সংযুক্ত করতে হবে।

৯। আবেদনপত্রের সাথে সংগঠন/ সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে।

১০। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/ সমিতি ৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে আবেদনের সাথে সংশ্লিষ্ট জলমহাল এর মৎস্য চাষ/ উৎপাদন/ সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/ রূপরেখা সংযুক্ত করতে হবে।

Scanned with CamScanner

১১। আবেদন অসম্পূর্ন থাকলে তা বাতিলযোগ্য বলে গণ্য হবে।
১২। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন / সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্যবলে বিবেচিত হবে।
১৩। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর এর অনুকূলে সরকারি মূল্যের মূল্যের (তিন বছরের ইজারা মূল্যের) ২০% অর্থ জামানত বাবদ সোনালী ব্যাংক পিএলসি হতে ব্যাংক ড্রাফট (বিডি)/পে-অর্ডার করে ব্যাংক ড্রাফট (বিডি)/পে-অর্ডার মূল কপি দরপত্রের সাথে দাখিল করতে হবে। ইজারা প্রাপ্ত হয়নি এমন সমিতিকে ব্যাংক ড্রাফট (বিডি)/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।
১৪। আবেদনপত্রে দরের পরিমাণ বছরওয়ারী অথবা ৩ (তিন) বছর মেয়াদের উল্লেখ থাকতে হবে।
১৫। আবেদন অনুমোদনের পর সাকুল্য ইজারা মূল্য ইজারা বিজ্ঞপ্তির নির্ধারিত তারিখের মধ্যে সরকারি খাতে জমা প্রদান করতে হবে। কোনক্রমেই ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না এবং ইজারামূল্য পরিশোধের পর কর্তৃপক্ষের সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
১৬। ইজারাপ্রাপ্ত মৎস্যজীবী সংগঠন/ সমিতিকে প্রথম বছরের ইজারা মূল্য পরিশোধের সময় মোট ইজারা মূল্যের ১০% হারে আয়কর এবং ১৫% হারে মূল্য সংযোজন কর প্রদান করতে হবে।
১৭। ইজারা মেয়াদের ২য় ও ৩য় বছরের ইজারা মূল্য পুর্ববর্তী বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারা বাতিল বলে গণ্য হবে।
১৮। বন্দোবস্ত/ ইজারা এর মেয়াদ ১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩৪ বঙ্গাব্দ পর্যন্ত বলবৎ থাকবে। আবেদন যে তারিখেই অনুমোদিত হউক না কেন তা ১ বৈশাখ হতে কার্যকর হবে।
১৯। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/ সমিতি/ সংগঠন দু'টির অধিক জলমহাল বন্দোবস্ত/ ইজারা পাবে না।
২০। চুক্তি সম্পাদনের পর আনুষ্ঠানিকভাবে জলমহালের দখল হস্তান্তর করা হবে। চুক্তির শর্ত ভঙ্গ না করলে মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত উক্ত ইজারা বলবৎ থাকবে।
২১। লীজ গ্রহিতা কোন মৎস্যজীবী সংগঠন/ সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ বা অন্য কোন ব্যক্তি/ গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে তাহলে উক্ত লীজ বাতিল বলে গণ্য হবে এবং জামানতসহ জমাকৃত ইজারামূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজ গ্রহিতা মৎস্যজীবী সংগঠন/ সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।
২২। ইজারাযোগ্য জলাশয়/পুকুরের আয়তন ব্যতীত সংলগ্ন পতিত জমি ইজারার আওতাভুক্ত হবে না।
২৩। ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহলের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারার মেয়াদ শেষে জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবী/অধিকার স্বত্ব থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকার স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে সরকারের নিকট ন্যস্ত হবে।
২৪। ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা হবে না।
২৫। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন/সমবায় সমিতি আবেদন করতে পারবে না।
২৬। বন্দোবস্তকৃত/ ইজারাকৃত জলমহালে কোন রাক্ষুসে মাছ চাষ করা যাবে না।
২৭। বন্দোবস্তকৃত/ ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না।
২৮। যে সকল জলমহালসমূহ থেকে জমিতে সেচ প্রদানের সুযোগ রয়েছে, সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে না।
২৯। বর্ষা মৌসুমে যদি কোন বন্দোবস্তকৃত/ ইজারাকৃত জলমহাল সংলগ্ন প্লাবনভূমির সাথে প্লাবিত হয়ে একক জলাশয়ে রূপ নেয়, তখন ইজারাদারের মৎস্য আহরণ অধিকার কেবল ইজারাকৃত জলাশয়ের সীমানার ভিতর সীমাবদ্ধ থাকবে।
৩০। বন্দোবস্তকৃত/ ইজারাকৃত জলাশয়ে কেহ অতিথি পাখিসহ কোন পাখি শিকার করতে পারবে না।
৩১। যে কোন আবেদন কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
৩২। এ ইজারা বিজ্ঞপ্তিতে উল্লেখ নাই এরূপ কোন বিষয়ে কোন সমস্যা দেখা দিলে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং প্রচলিত অন্যান্য বিধি-বিধান মোতাবেক সিদ্ধান্ত গৃহিত হবে।

০৫।০১।২৫
(ইশতিয়াক আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বিরল, দিনাজপুর।

Scanned with CamScanner